



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১৯৯৪৪৬১/বগুড়া-১৬২/৬৬৬

তারিখ: ০৬.২০১৯খ্রিঃ

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

- সূত্র: ১। দুর্নীতি দমন কমিশনের স্মারক নং-০০.০১.১০০০.৬৩৩.২৬.০০৩.১৮-৩৮১৬৫; তারিখ: ১৯/১১/২০১৮
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/৬৩১/নথি নং-বগুড়া; তারিখ: ২৯/১১/২০১৮
৩। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৫০.১০৩৩.০০০.১০.০৩৩.১৯-৩১৫; তারিখ: ৩১/১২/২০১৯
৪। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৭৫.০১৬.৩৭.১৭/১৪৮; তারিখ: ১৪/০৫/২০১৯

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার দুপচাচিয়া উপজেলাধীন অর্জুনগাড়ী তাজ সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসার সহ-সুপার জনাব লিয়াকত আলী খানের বিরুদ্ধে অবৈধভাবে সহ-সুপার পদে নিয়োগ ও জালিয়াতির মাধ্যমে এমপিওভুক্তির বিষয়ে দাতা সদস্য আবু আনছার মো: শাখাওয়াত হোসেন, উপ-পরিচালক, দুর্নীতি দমন কমিশন এর বরাবর একটি অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের পরিশ্রুতিতে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক সূত্রোক্ত ০১ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে। দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক প্রেরিত পত্রের প্রেক্ষিতে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার দুপচাচিয়া, বগুড়াকে সূত্রোক্ত ০২নং স্মারকের মাধ্যমে পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ০৩নং স্মারকে মাধ্যমে মতামতসহ একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। তদন্তে সহ: সুপারের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত না হওয়ায় অভিযোগকারী পুনরায় উচ্চতর তদন্তের জন্য আবেদন করেছেন (কপি সংযুক্ত)। উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানটির ম্যানেজিং কমিটি বাতিল করণের বিষয়টি সরেজমিনে তদন্তপূর্বক বিধি-মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত ০৪নং স্মারকের মাধ্যমে নির্দেশক্রমে অনুরোধ করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক (৬..) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

জেলা প্রশাসক
বগুড়া।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১৯৯৪৪৬১/বগুড়া-১৬২/৬৬৬

তারিখ: ০৬.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, দুপচাচিয়া, বগুড়া।
২. জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুপচাচিয়া, বগুড়া।
৪. সভাপতি, অর্জুনগাড়ী তাজ সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসা, দুপচাচিয়া, বগুড়া।
৫. সুপার, অর্জুনগাড়ী তাজ সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসা, দুপচাচিয়া, বগুড়া।
৬. আবু আনছার মো: শাখাওয়াত হোসেন (দাতা সদস্য), গ্রাম: অর্জুনগাড়ী, পো: বিনাহালী, উপজেলা: দুপচাচিয়া, জেলা: বগুড়া।
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪